ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# রোজদিন



বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

ROSEDIN ● Vol. - 1 ● Issue - 95 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in

ই-পেপার ● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ২৫১ ● কলকাতা ● ২৮ ভাদ্র, ১৪৩২ ● রবিবার ● ১৪ সেপ্টেম্বর ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

পর্ব 58

## হিমালয়ের সমর্পণ যোগ



আর এই 'আমি'র অহঙ্কার যত কম হবে, ততটাই নিজের আলাদা হওয়ার অনুভব কম হবে। আর এই আলাদা হওয়ার অনুভব যতটা কম হবে, একত্রতার চেতনার অনুভব ততটাই বেশী হবে। সেইজন্যে গুরুচরণই ঐ স্থান, যেখানে মানুষ নিজের জীবনের অতীতকাল আর আসক্তিরূপী ফুল সমর্পণ করে মোক্ষ পেতে পারে।" যেই গুরুদেব এইভাবে বললেন, তখনই মনে মনে আমিও আমার জীবনের অতীতকাল আর আসক্তিকে ফুল ভেবে গুরুদেবের চরণে রেখে দিলাম এবং অনায়াসেই আমার চিত্তও তাঁর শ্রীচরণে চলে গেল এবং আমার চোখ বন্ধ হয়ে গেল, যেন এই গুরুচরণ আমি আমার মন-মন্দিরে ভরে নিতে চাই। **ক্রমশঃ**

# আত্মসমর্পণ করলেন কিষেনজির স্ত্রী সুজাতা



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

দীর্ঘ চার দশকের সশস্ত্র লড়াই শেষে আত্মসমর্পণ করলেন মাওবাদী নেত্রী সুজাতা । সর্বভারতীয় সংবাদমাধ্যম সূত্রে খবর, তেলেঙ্গানার গাদওয়াল জেলায় তিন মহিলা সঙ্গীকে সঙ্গে নিয়ে পুলিশের কাছে ধরা দিয়েছেন তিনি।উল্লেখ্য, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ ইতিমধ্যেই ঘোষণা করেছেন, ২০২৬ সালের মার্চের মধ্যে মাওবাদমুক্ত ভারত গড়াই লক্ষ্য। সেই পরিপ্রেক্ষিতেই ছত্তীসগড়, অন্ধ্রপ্রদেশ, ঝাড়খণ্ড এবং তেলেঙ্গানার মাওবাদী অধ্যুষিত এলাকাগুলিতে তীব্র গতিতে চলছে দমন অভিযান। বিশেষ করে ছত্তীসগড়-তেলেঙ্গানা সীমান্তের কারেগুট্টা পাহাড়ি অঞ্চলকে এখনও মাওবাদীদের অন্যতম ঘাঁটি হিসেবে চিহ্নিত করছে গোয়েন্দারা।

বিশেষজ্ঞ মহলের মতে, সুজাতার আত্মসমর্পণ শুধু নিরাপত্তা বাহিনীর সাফল্য নয়, বরং প্রতীকী অর্থেও তা বড় তাৎপর্য বহন করছে।সুজাতার মাথার দাম ছিল ১ কোটি টাকা। সুজাতার আরও একটি পরিচয় রয়েছে। তিনি মাওবাদী নেতা, প্রয়াত মাল্লোজুলা কোটেশ্বর রাও ওরফে কিষেণজির স্ত্রী।

এরপর ৩ পাতায়






# ফালাকাটায় পুজোর আগেই নিরাপত্তা নিশ্চিত,হেঁটে টহল আইসি'র

**হরেকৃষ্ণ মণ্ডল,ফালাকাটা**

খোদ থানার আইসি অভিষেক ভট্টাচার্য পায়ে হেঁটে শহর ঘুরে নিরাপত্তা নিশ্চিত করছেন। সন্ধ্যার পরেই থানার অন্যান্যদের নিয়ে শহরের গুরুত্বপূর্ণ রাস্তা গুলি হেঁটে পেট্রোলিং করেন তিনি।পাশাপাশি নামানো হয়েছে বাইক পেট্রোলিং,গাড়ি দিয়ে শহর জুড়ে চলছে নজর দারি।সব মিলিয়ে পুজোর মুখে ও ওই সময় শহরে নিরাপত্তায় এখন থেকেই আঁটোসাটো ব্যাবস্থা নিয়ে রাখছে ফালাকাটা থানার পুলিশ। ফালাকাটা থানার আইসি অভিষেক ভট্টাচার্য বলেন, এসপির নির্দেশে আমরা পুজোর জন্য এখন থেকেই শহরের নিরাপত্তায় জোর দিয়েছি।হেঁটে শহর ঘুরে সাধারণ মানুষের সঙ্গেও কথা বলছি।পুজোর সময় শহরে নিরাপত্তায় পুলিশ অ্যাসিস্ট্যান্ট বুথ,বাইক পেট্রোলিয়ের উপরেও জোর দিচ্ছি।গোটা উৎসবের মরশুমে শহর জুড়ে নিরাপত্তায় কোনো আপোষ করা হবে না।পুলিশ জানিয়েছে,মাঝেমধ্যেই এখন থানার আইসি নিজে বেরিয়ে পড়ছেন শহরে।পায়ে হেঁটে শহরের বিভিন্ন অলিগলি ঘুরছেন। কোথাও কোনো জটলা দেখলে দাঁড়িয়ে কথা বলছেন।এছাড়াও শহরের যুবক,প ্রবীণ ব্যাক্তিদের সঙ্গে করছেন মত বিনিময়।সন্ধ্যার পর বিশেষ করে শহরের মূল বানিজ্যিক এলাকাগুলি ঘুরছেন।সঙ্গে থাকছে উইনার্স বাহিনীও।আইসি'র পাশাপাশি ফালাকাটা শহরের একাধিক জায়গায় ট্রাফিক পুলিশ নাকা চেকিং পয়েন্ট বানিয়েছে। গুরুত্বপূর্ণ জায়গা গুলিতে দাঁড়িয়ে ট্রাফিক ওসি সাদিকুর রহমান নিজে তল্লাশির কাজ করছেন।এমনকি যানবাহন চালকদের মধ্যে একটু বেচাল দেখা গেলেই আর রক্ষে নেই।সঙ্গে সঙ্গে আটক করে কড়া আইনি ব্যবস্থা নেওয়া হচ্ছে।উৎসবের মরশুমে মাদক জাত খেয়ে যাতে কেউ গাড়ি চালাতে না পারেন তার জন্য বিশেষ নজরদারি করা হচ্ছে। বেপরোয়া ড্রাইভিং কিংবা হেলমেট ছাড়া বাইক-স্কুটার আরোহীদের পুলিশআগাম সতর্ক করে দিচ্ছে।ট্রাফিক পুলিশ জানিয়েছে,মাত্র দুদিনেই তারা সাফল্য পেয়েছেন।পুলিশ জানিয়েছে,শুক্রবার ও শনিবার হেলমেট ছাড়া এবং বেপরোয়া গাড়ি চালানোর জন্য মোট ৩০জনকে ফাইন করা হয়েছে।আবার মদ্যপ অবস্থায় গাড়ি চালানোর অভিযোগে অনেকেই আটক করা হচ্ছে। উৎসবের মরশুমে রোমিওদের উৎপাত কমাতেও ট্রাফিক পুলিশ সাদা পোশাকে নজরদারি চালানোর সিদ্ধান্ত নিয়েছে।সঙ্গে উইনার্স বাহিনী,বাইক পুলিশ,পিঙ্ক ভ্যানও শহর জুড়ে টহল শুরু করেছে।পুলিশের এমন পদক্ষেপে খুশি ফালাকাটার শহরবাসী।

# পূজার আগেই ক্যানিংয়ে দুঃসাহসিক ডাকাতি, তদন্তে পুলিশ



**নুরসেলিম লস্কর, ক্যানিং**

ক্যানিং শহরের জনবহুল রামমোহন পল্লি এলাকায় এক গৃহস্থের বাড়িতে ভয়াবহ ডাকাতির ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। দীর্ঘদিন অসুস্থ থাকার কারণে চিকিৎসার জন্য বাইরে থাকা অবস্থায় ডাকাতরা সুযোগ নিয়ে বাড়ির গ্রিল ভেঙে বিপুল পরিমাণ নগদ অর্থ ও সোনার গহনা লুট করে নিয়ে গেছে বলে অভিযোগ।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, আক্রান্ত গৃহস্থ কার্তিক বোস পেশায় সরকারি ঠিকাদার। তিনি বেশ কিছুদিন ধরে অসুস্থ থাকায় গত ১৮ আগস্ট স্ত্রী রুনু বোস তাঁকে চিকিৎসার জন্য হায়দ্রাবাদে

এরপর ৪ পাতায়

# মমতার প্রশংসায় পঞ্চমুখ হাই কোর্টের বিদায়ী প্রধান বিচারপতি

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

মমতা বন্দ্যোপাধ্যায় কখনও বিচারবিভাগকে খালি হাতে ফেরাননি। কলকাতা হাই কোর্টের বিদায়ী প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম শেষবেলায় পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর প্রশংসা করতে গিয়ে এমনই মন্তব্য করলেন। আগামী সোমবার অবসর নিচ্ছেন বিচারপতি শিবজ্ঞানম।তবে এ দিন কিছুটা অভিমানের সুরও শোনা গিয়েছে বিদায়ী প্রধান বিচারপতির গলায়। তাঁর কথায়, "কেন আমাকে এখানে বদলি করা হয়েছিল, আজও জানি না। মনে হয়, বিচারপতি মাদুরেশ প্রসাদও (যিনিও এখানে বদলি হয়ে এসেছেন) জানেন না।" বিচারপতি



শিবজ্ঞানম বলেন, "সম্প্রতি একজন বিচারপতি আমাকে জিজ্ঞাসা করছিলেন, কেন তাঁকে এখানে বদলি করা হয়েছে? আমি জবাব দিই, আমার অবসর নিতে আর দশ দিন বাকি, আমিও তো জানলাম না!" যদিও কলকাতায় এসে তিনি নিজেকে ভাগ্যবান মনে করেন বলে জানিয়ে হাই কোর্টের বিদায়ী প্রধান বিচারপতির মন্তব্য, "যে কলেজিয়াম আমাদের বিচারপতি পদে বসায়, তারাই বদলি করে। আমার এ নিয়ে কোনও ক্ষোভ নেই।"তার আগে শুক্রবার বিকেলে হাই কোর্ট লাগোয়া টাউন হলে রাজ্যের বিচারবিভাগীয় দপ্তর তাঁকে বিদায় সংবর্ধনা দেয়।অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সস্ত্রীক প্রধান বিচারপতি-সহ অন্য বিচারপতিরা। ছিলেন রাজ্যের আইনমন্ত্রী মলয় ঘটক, মন্ত্রী মানস ভুঁইয়া, অ্যাডভোকেট জেনারেল কিশোর দত্ত-সহ বিভিন্ন আধিকারিক। অনুষ্ঠানে বক্তৃতাকালে প্রধান বিচারপতির পর্যবেক্ষণ, মমতা বন্দ্যোপাধ্যায় কখনও বিচার বিভাগকে খালি হাতে ফেরাননি। বিচারবিভাগ ও প্রশাসনের মধ্যে ভারসাম্য এবং পারস্পরিক বোঝাপড়ার উপরেও জোর দেন তিনি।







(১ম পাতার পর)

# আত্মসমর্পণ করলেন কিষেনজির স্ত্রী সুজাতা

২০১১ সালের ২৪ নভেম্বর ঝাড়গ্রামের জামবনীর বুড়িশোল জঙ্গলে যৌথবাহিনীর গুলিতে প্রাণ হারান দাপুটে এই শীর্ষ মাও নেতা।

পুলিশ সূত্রের খবর, তেলেঙ্গানার গাদওয়ালের মেয়ে সুজাতার বিপ্লবে হাতেখড়ি হয়েছিল তুতো ভাই প্যাটেল সুধাকর রেড্ডির হাত ধরে। ২০০৯ সালে সুধাকরের মৃত্যু হলেও, সেই পথেই এগিয়ে গিয়েছিলেন তিনি। কিশোরী বয়সেই বেছে নেন বিপ্লবের রাস্তা। পরে ১৯৮৪ সালে বিয়ে করেন কিষেণজিকে।

২০০৮ সালের ২ নভেম্বর শালবনিতে জিন্দলদের ইস্পাত প্রকল্পের শিলান্যাস অনুষ্ঠান সেরে সড়ক পথে মেদিনীপুরে ফেরার পথে ভাদুতলায় ৬০ নম্বর জাতীয় সড়কে মাওবাদীদের ল্যান্ডমাইন বিস্ফোরণের মুখে পড়েন রাজ্যের তৎকালীন মুখ্যমন্ত্রী প্রয়াত বুদ্ধদেব ভট্টাচার্য-সহ দুই কেন্দ্রীয় মন্ত্রী। অল্পের জন্য রক্ষা পান তাঁরা। এর কয়েকদিন পরেই পুলিশি অত্যাচারের অভিযোগে ওই বছরের ৮ নভেম্বর থেকে জঙ্গলমহলে গড়ে ওঠে পুলিশি সন্ত্রাসবিরোধী জনসাধারণের কমিটি। রাস্তা কেটে জঙ্গলমহল কার্যত অবরুদ্ধ করে শুরু হয় আন্দোলন। ২০০৯ সালের গোড়ায় ওই আন্দোলনের চালিকাশক্তি হিসেবে প্রকাশ্যে আসে মাওবাদীরা। সে সময় লালগড়ের ধরমপুরের জঙ্গলে দাঁড়িয়ে জঙ্গলমহল 'দখল' করার কথা স্বীকারও করেন মাওবাদী নেতা কিষেণজি।সূত্রের খবর, এই সময় থেকেই দলে ক্রমশই প্রভাবশালী হয়ে ওঠেন কিষেণজির স্ত্রী সুজাতা। পরে যৌথবাহিনীর সঙ্গে সংঘর্ষে কিষেণজির মৃত্যুর পর দলে তাঁর প্রভাব আরও বাড়ে। একে-৪৭ হাতে নানা রাজ্যে সক্রিয় ছিলেন সুজাতা। তাঁর বিরুদ্ধে রয়েছে মোট ১০৬টি মামলা। গোয়েন্দারা বলছেন, তিনি মাওবাদী আন্দোলনের প্রথম প্রজন্মের অন্যতম মুখ। ফলে তাঁর ধরা পড়া মাওবাদী নেটওয়ার্কে বড় ধাক্কা দেবে বলেই আশা।

# সুপ্রিম হস্তক্ষেপের বিরোধিতা কমিশনের

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

দেশজুড়ে 'বিশেষ নিবিড় সংশোধন' বা S I R করানো আমাদের বিশেষ অধিকার। শীর্ষ আদালত তাতে হস্তক্ষেপ করতে পারে না।' শীর্ষ আদালতে হলফনামা দিয়ে এমনটাই জানানো হল নির্বাচন কমিশনের তরফে। স্পষ্ট ভাষায় কমিশনের তরফে জানানো হয়েছে, 'শীর্ষ আদালত এই বিষয়ে কমিশনকে কোনও নির্দেশ দিতে পারে না।এই বিতর্কের আগেই গত ৮ সেপ্টেম্বর সুপ্রিম কোর্ট কমিশনকে নির্দেশ দেয়, এসআইআরে আধারকার্ডকে পরিচয়পত্র হিসেবে গণ্য করার জন্য। ৯ সেপ্টেম্বর থেকে নির্দেশ লাগুর কথা বলা হয়। যদিও আদালত এটাও জানায়, আধার নাগরিকত্বের প্রমাণ নয়। ভোটার তালিকায় নাম তোলার সময় আধার নম্বর যাচাই করে নিক কমিশন। এই বিতর্কের মাঝেই এবার শীর্ষ আদালতে হলফনামা দিল নির্বাচন কমিশন।যদি দেয় তবে সেটা কমিশনের অধিকারের




উপর হস্তক্ষেপ।'

সম্প্রতি শীর্ষ আদালতে একটি জনস্বার্থ মামলা দায়ের করেছিলেন আইনজীবী অশ্বিনী কুমার উপাধ্যায়। সেখানে শীর্ষ আদালতের কাছে তিনি আবেদন জানান, 'ভারতে যে কোনও নির্বাচনের আগে এসআইআর করার নির্দেশ দেওয়া হোক। যাতে দেশের রাজনীতি ও অন্যান্য নীতি নির্ধারণের অধিকার শুধুমাত্র ভারতীয় নাগরিকদের হাতে থাকে।' তবে আদালত এমন কোনও নির্দেশ দিক তা একেবারেই চায় না দেশের নির্বাচন কমিশন। তার প্রেক্ষিতে শীর্ষ আদালতে হলফনামা পেশ করে কমিশনের তরফে জানানো হয়েছে, 'সংবিধানের ৩২৪ ধারা অনুযায়ী ভোটার তালিকা তৈরি করা ও তা বদল করা শুধুমাত্র নির্বাচন কমিশনের কাজ। সেখানে অন্য কেউ হস্তক্ষেপ করতে পারে না। এবং সঠিক ভোটার লিস্ট তৈরির জন্য এসআইআর একান্ত প্রয়োজনীয়।' কমিশন আরও জানিয়েছে, 'আমরা আমাদের দায়িত্ব সম্পর্কে সম্পূর্ণ অবগত এবং ভোটার তালিকাকে সঠিক রাখতে সর্বদা কাজ করা হয়।'উল্লেখ্য, বিহারে বিধানসভা নির্বাচনের আগে কমিশনের 'বিশেষ নিবিড় সংশোধন' ইস্যুতে বিতর্ক শুরু হয়েছে দেশজুড়ে। অভিযোগ উঠেছে, বিজেপির সুবিধা করে দিতে অন্যায়ভাবে নাম বাদ দিয়েছে কমিশন। এরইমাঝে কমিশনের তরফে দেশজুড়ে এসআইআর শুরুর ইঙ্গিত পাওয়া যায়। সূত্রের খবর, ৩০ সেপ্টেম্বরের মধ্যে সব রাজ্যের CEO-দের প্রস্তুতি সেরে ফেলতে বলা হয়েছে। অক্টোবরের যে কোনও দিন SIR প্রক্রিয়া শুরু হতে পারে।

# মণিপুর গিয়ে যে বার্তা দিলেন মোদি



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

দীর্ঘ বিতর্কের পর অবশেষে ভারতের মণিপুর রাজ্যে পা রেখেছেন দেশটির প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। শনিবার চুড়াচাঁদপুরের জনসভায় উপস্থিত হয়ে হিংসা ভুলে শান্তির আহ্বান জানিয়েছেন তিনি।

মোদি বলেন, উন্নয়নের জন্য শান্তি জরুরি। কেন্দ্রীয় সরকার রাজ্যের বিভিন্ন গোষ্ঠীর সঙ্গে সমঝোতা করানোর জন্য আলোচনা চালিয়ে যাচ্ছে।

তিনি আরও বলেন, আশা ও বিশ্বাসের নয়া সকাল শুরু হয়েছে মণিপুরে। তবে উন্নয়নের জন্য শান্তি প্রয়োজন। গত ১১ বছরে একাধিক সংঘাত হয়েছে এখানে। তবে মানুষ শান্তির পথই বেছেছেন।

তিনি বলেন, কেন্দ্রীয় সরকার মণিপুরে সমস্ত গোষ্ঠীর মধ্যে সমঝোতা করিয়ে শান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে কাজ করছে। আপনাদের পরিবার ও সন্তানদের ভবিষ্যৎ নিশ্চিত করতে সকলে শান্তির পথে ফিরুন। আমি আপনাদের সঙ্গে রয়েছি। ভারত সরকার আপনাদের পাশে রয়েছে।

মোদি বলেন, মণিপুরকে স্বাভাবিক করতে সরকার সবরকম চেষ্টা চালাচ্ছে। যারা ঘরছাড়া হয়েছে তাঁদের জন্য ঘর দেওয়া হচ্ছে। বিশেষ প্যাকেজ দেওয়া হচ্ছে আক্রান্তদের জন্য।

## সম্পাদকীয়

# ফের রক্তাক্ত পাকিস্তান

ফের রক্তে ভিজল পাকিস্তানের মাটি। পাকিস্তানের সেনা কনভয়ে অতর্কিত হামলায় মৃত্যু হয়েছে কমপক্ষে ১২ জন জওয়ানের। ইতিমধ্যে এই হামলার দায় স্বীকার করে নিয়েছে তেহরিক-ই-তালিবান পাকিস্তান(টিটিপি) ।উল্লেখ্য, দীর্ঘদিন ধরেই পাকিস্তানের মাথাব্যাথার অন্যতম বড় কারণ আফগানিস্তানের মদতপুষ্ট টিটিপি। খাইবার পাখতুনখোয়া, বালুচিস্তান-সহ পাক-আফগান সীমান্ত এই জঙ্গিদের ঘাঁটি হিসেবে পরিচিত। সেখান থেকে প্রায়শই পাক সেনাবাহিনীর উপর চলে হামলা। এদিকে, এই অঞ্চলগুলির মধ্যে দিয়ে চিন-পাকিস্তান অর্থনৈতিক করিডোর বা সিপিইসি গিয়েছে। সেখানেও চিনা আধিকারিকদের উপর বহুবার হামলা চালিয়েছে এই জঙ্গিরা।সূত্রের খবর, শনিবার আফগান সীমান্তবর্তী উত্তর-পশ্চিম পাকিস্তানের দক্ষিণ ওয়াজিরিস্তানে এই হামলা চালানো হয়েছে।এদিন ভোর ৪টে নাগাদ ফকির সরাই এলাকা দিয়ে পাক সেনার কনভয় যাওয়ার সময় অতর্কিতে হামলা চালায় টিটিপি। স্থানীয় একজন কর্মকর্তা জানিয়েছেন, 'সশস্ত্র ব্যক্তিরা ভারী অস্ত্র নিয়ে গুলি চালায়।' আক্রমণকারীরা কনভয় থেকে অস্ত্র ছিনিয়ে নিয়েছে বলেও জানানো হয়েছে। পাকিস্তানের সেনাবাহিনী এক বিবৃতিতে জানিয়েছে, দুই পক্ষের তীব্র গুলির লড়াইয়ের পর ১৩ জঙ্গি ও ১২ জন সেনা নিহত হয়েছে। আরও চার জন আহত হয়েছে বলেও জানানো হয়েছে। ইতিমধ্যে তেহরিক-ই-তালেবান পাকিস্তান (টিটিপি) সোশ্যাল মিডিয়ায় এই হামলার দায় স্বীকার করেছে। টিটিপি পাকিস্তানি তালিবান নামেও পরিচিত। এই গোষ্ঠীটি খাইবার পাখতুনখোয়া প্রদেশে ঘন ঘন হামলা চালিয়ে আসছে, যেখানে ২০১৪ সালের সামরিক অভিযানের আগে তারা এক সময় বিশাল অঞ্চল দখল করেছিল।খাইবার পাখতুনখোয়া প্রদেশে কয়েক মাসের মধ্যে এটি সবচেয়ে ভয়াবহ হামলার মধ্যে একটি। গত জুন মাসে খাইবার পাখতুনখোয়া প্রদেশের উত্তর ওয়াজিরিস্তান জেলায় একটি ফিঁদায়ে জঙ্গি হামলা হয়। সেখানে মৃত্যু হয় ১৬ জন জওয়ানের। ২০১৪ সালে শুরু হওয়া সামরিক অভিযানের মাধ্যমে টিটিপি এক সময় এই অঞ্চল নিয়ন্ত্রণ করত। পাকিস্তান সরকার বারবার প্রতিবেশী আফগানিস্তানের বিরুদ্ধে সীমান্ত পার করে আক্রমণ চালানো জঙ্গিদের আশ্রয় দেওয়ার অভিযোগ করেছে। যদিও কাবুল এই অভিযোগ অস্বীকার করেছে। তথ্য বলছে, চলতি বছরের শুরু থেকে খাইবার পাখতুনখোয়া এবং বেলুচিস্তানে সশস্ত্র গোষ্ঠীগুলির হামলায় প্রায় ৪৬০ জন নিহত হয়েছেন, যাদের বেশিরভাগই পাকিস্তানের নিরাপত্তা বাহিনীর সদস্য।

# আদিশক্তি





মৃত্যুঞ্জয় সরদার
(একুশতম পর্ব)

সাবর্ণ বংশের প্রতিষ্ঠাতা কামদেব ব্রহ্মচারীর হাত ধরে কালীঘাটের কালীমূর্তি লোক সমাজে পরিচিত হল। কামদেবের পুত্র বড়িশার লক্ষীকান্ত মজুমদার সাবর্ণ পরিবারের আদি পুরুষ। পরবর্তীকালে বাংলার নবাবের কাছ থেকে রায় চৌধুরী উপাধি প্রাপ্ত হন।

এই সময়ে অর্থাৎ ৫০০ বছর আগে কলকাতার প্রাকৃতিক সীমারেখা ছিল- উত্তরে চিৎপুর খাল, দক্ষিণে আদিগঙ্গা, পূবদিকে লবণহ্রদ এবং পশ্চিমে হুগলী নদী। সেই লবণহ্রদের সীমানা আজকের শেয়ালদা, এবং আদি গঙ্গার উত্তর দিকের পাড়ের বিস্তৃতি

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)


(২ পাতার পর)

# পূজার আগেই ক্যানিংয়ে দুঃসাহসিক ডাকাতি, তদন্তে পুলিশ

নিয়ে যান। সেখান থেকে শুক্রবার রাত প্রায় ১১ নাগাদ তাঁরা বাড়িতে ফিরে দেখেন, বাড়ির জানালার গ্রিল ভাঙা অবস্থায় পড়ে আছে। ঘরের আসবাবপত্র ছড়িয়ে-ছিটিয়ে রয়েছে, আলমারি ভাঙা। সব দেখে বোস পরিবার বুঝতে পারেন, তাঁদের অনুপস্থিতির সুযোগে বড় ধরনের ডাকাতির ঘটনা ঘটেছে।

আর স্বামীর অসুস্থতা সেই সঙ্গে বাড়িতে এই দুঃসাহসিক ডাকাতির পরে একেবারে মানসিক ভাবে ভেঙে পড়েছেন কার্তিক বোসের স্ত্রী রুনু বোস। তিনি জানিয়েছেন, আলমারির ভেতরে প্রায় আড়াই লাখ টাকা নগদ এবং প্রায় ১২ ভরি সোনার গহনা রাখা ছিল। ডাকাতরা নগদ অর্থ, সোনার গহনা ও আরও কিছু মূল্যবান সামগ্রী নিয়ে চম্পট দিয়েছে। আর তার উপরে সামনের মাসেই আবার কার্তিক বাবু কে নিয়ে তাঁকে আবারও যেতে হায়দ্রাবাদে! সব মিলিয়ে এখন চিন্তা ও আতঙ্কে দিন কাটছে বোস দম্পতির " আর শনিবার সকালে বোস পরিবারের পক্ষ থেকে ক্যানিং থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়। আর সেই অভিযোগের ভিত্তিতে ক্যানিং থানার পুলিশ ইতিমধ্যেই তদন্ত শুরু করেছে। এলাকায় লাগানো সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখা হচ্ছে বলে পুলিশ সূত্রে জানা গেছে। আর ক্যানিংয়ের মতো জনবহুল এলাকায় শারদীয়ার ঠিক আগেই এমন ভয়াবহ ডাকাতির ঘটনায় রামমোহন পল্লি তথা সমগ্র ক্যানিং মহাকুমা এলাকায় জুড়ে ব্যাপক চাঞ্চল্য সৃষ্টি হয়েছে। সেই সঙ্গে স্থানীয় বাসিন্দারাও বোস পরিবারের মতোই পুলিশের কাছে দ্রুত দুষ্কৃতীদের গ্রেপ্তার করে শাস্তির দাবি জানিয়েছেন।

## বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি





-: মৃত্যুঞ্জয় সরদার :-

তাঁহার মুখ চারিটি নীল, পীত, শ্বেত এবং হরিৎ বর্ণের। তাঁহার হাত চারিটি; দুইটি দক্ষিণ ভুজে কপাল ও শর থাকে এবং দুইটি বাম ভুজে খট্টাঙ্গ ও ধনু থাকে। তাঁহার চারিদিকে চারিটি পরিবার দেবতা দেখা যায়।

ক্রমশঃ


## • সতর্কীকরণ •


এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# তিন বোন পূজিতা হন একসাথে,যায় একসাথে

পার্থ ঝা,মানিকচক

বাঙ্গালীদের শ্রেষ্ঠ উৎসব দুর্গাপুজো। বাংলার গ্রামগঞ্জে কান পাতলে শোনা যায় দুর্গাপুজো নিয়ে বিভিন্ন গল্প, সে রাজবাড়ীর পুজোই হোক এবং জমিদার বাড়ির পুজো। সেই রকম এক কাহিনী তুলে ধরলাম আমরা। আনুমানিক ৪০০ বছর ধরে চিরাচরিত প্রথা মেনে আজও পুজো হয়ে আসছে তিন বোনের। একটু হলেও অবাক হওয়ার কথা।

মালদার মানিকচকের মথুরাপুরের সরকার বাড়ি, রায়বাড়ি এবং বাজারপাড়া সার্বজনীন দুর্গাপুজো অন্যতম। একচালা প্রতিমা। নেই কোন থিম, নেই কোন বড় পুজোর প্যান্ডেল।সাবিকিআনার ছোঁয়ায় ভরপুর পূজা মন্ডপ। ঢাকের আওয়াজ পুরোহিতের শুদ্ধ মন্ত্র উচ্চারণ সাথে রয়েছে শ্রদ্ধা ও ভক্তি। তবে নিয়মকানুন গুলো একটু অন্যরকম। বিস্তারিত জানাতে এই এলাকার বাসিন্দা হরিদাস



রায় জানান, সরকার বাড়ির প্রতিমা বড়মা বলে পরিচিত। সেখান থেকে বাজারপাড়া সার্বজনীনের দূরত্ব প্রায় ৮ থেকে ১০ মিটার এবং মেজমা আবার সেখান থেকে ১০ মিটার দূরত্বে রায় বাড়ির মা। ইনি হচ্ছেন ছোটমা। এই তিন বোনের কাহিনী জন্ম থেকেই শুনে আসছি। এলাকায় প্রথমে ঢাকের কাঠি পড়ে এই পুজো মণ্ডপগুলোতে তারপরেই একে একে অন্যান্য মণ্ডপের পূজা শুরু হয়। পুজোর তিনদিন দূর-দূরান্ত থেকে আশা ভক্তদের ভক্তি ও শ্রদ্ধা এই তিন মায়ের মেলবন্ধন, এনারা তিন বোন। কান পাতলেই শোনা যায় মা স্বয়ং উপস্থিত হন গর্ভগৃহে। তিন মা মতে আসেন একসাথে কৈলাসে ফেরত যান পাহাড়দের কাঁধে চেপে। এই রীতি চলে আসছে ৪০০ বছর ধরে। প্রতিবছর শাস্ত্রীয় বিধি মেনে নিয়ম করে পূজিত হন তিন মা।

প্রতিমা শিল্পী বিমল দাস জানান, মায়ের প্রতিমা বর্তমানে আমি তৈরি করি। আমাদের চার পিড়ি ধরে এই প্রতিমার তৈরি করে আসছে। অন্য যতই কাজ থাকুক মায়ের চক্ষুদান আমাদের সবই একই বংশ পরম্পরায় চলে আসছে। নিয়ম করেই তিনদিন মায়ের পূজা হয়। তারপরে ফুলাহার নদীতে বিসর্জন করেন কাহার সম্প্রদায়ের মানুষজন। তারা কাঁধে চাপিয়ে প্রায় তিন কিলোমিটার পথ দিয়ে জান মাকে বিসর্জনজান মাকে বিসর্জন এর উদ্দেশ্যে। দৃশ্য-দেখার জন্য অগণিত মানুষের ভিড় দেখা যায়।

## প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী শ্রীমতি সুশীলা কার্কিকে নেপালের অন্তর্বর্তীকালীন সরকারের প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করার জন্য শুভেচ্ছা জানিয়েছেন



নয়াদিল্লি, ১৩ সেপ্টেম্বর, ২০২৫

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ শ্রীমতি সুশীলা কার্কিকে নেপালের অন্তর্বর্তীকালীন সরকারের প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করার জন্য তাঁকে শুভেচ্ছা জানিয়েছেন। প্রধানমন্ত্রী শ্রী মোদী বলেছেন যে, ভারত নেপালের জনগণের শান্তি, অগ্রগতি এবং সমৃদ্ধির জন্য দৃঢ়ভাবে প্রতিশ্রুতিবদ্ধ।

এক্স হ্যান্ডেলে করা একটি পোস্টে তিনি লিখেছেন:

"নেপালের অন্তর্বর্তীকালীন সরকারের প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণের জন্য মাননীয় শ্রীমতী সুশিলা কার্কিকে আমি শুভেচ্ছা জানাই। ভারত নেপালের জনগণের শান্তি, অগ্রগতি এবং সমৃদ্ধির জন্য দৃঢ়ভাবে প্রতিশ্রুতিবদ্ধ।"

## প্রধানমন্ত্রী কর্ণাটকের হাসানে দুর্ঘটনায় প্রাণহানিতে শোক প্রকাশ করেছেন

নয়াদিল্লি, ১৩ সেপ্টেম্বর, ২০২৫

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ কর্ণাটকের হাসান জেলায় দুর্ঘটনায় প্রাণহানিতে শোক প্রকাশ করেছেন। তিনি ঘোষণা করেছেন যে নিহতদের প্রত্যেকের নিকট আত্মীয়দের প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল (পিএমএনআরএফ) থেকে ২ লক্ষ টাকা এবং আহতদের ৫০,০০০ টাকা করে এককালীন সহায়তা দেওয়া হবে।

পিএমও ইন্ডিয়ার এক্স হ্যান্ডলের পোস্টে বলা হয়েছে:

"কর্ণাটকের হাসানের দুর্ঘটনা হৃদয়বিদারক। এই দুঃখের সময়ে আমি শোকসন্তপ্ত পরিবারগুলিকে সমবেদনা জানাই। যারা আহত হয়েছেন, তারা যেন দ্রুত সুস্থ হয়ে ওঠেন, সেই প্রার্থনা করি।

প্রত্যেক মৃত ব্যক্তির আত্মীয়দের পিএমএনআরএফ থেকে ২ লক্ষ টাকা এবং আহতদের ৫০,০০০ টাকা এককালীন সহায়তা দেওয়া হবে

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Bandhumahal Club) - 9735697689
Child Line - 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফামেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্তা মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফামেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফামেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



# মিজোরামের আইজলে ৯ হাজার কোটি টাকার প্রকল্পের শিলান্যাস ও উদ্বোধন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর



**নয়াদিল্লি, ১৩ সেপ্টেম্বর, ২০২৫**

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ মিজোরামের আইজলে ৯ হাজার কোটি টাকার উন্নয়নমূলক কাজের শিলান্যাস ও উদ্বোধন করেন। এই প্রকল্পগুলি রেল, সড়ক, বিদ্যুৎ, ক্রীড়া সহ বিভিন্ন ক্ষেত্রের সঙ্গে যুক্ত। প্রাকৃতিক দুর্যোগের কারণে তিনি আইজল যেতে পারেননি। তাই লেংপুই বিমানবন্দর থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বক্তব্য রাখেন প্রধানমন্ত্রী।

তাঁর ভাষণে শ্রী মোদী দেশের স্বাধীনতা সংগ্রাম কিংবা দেশ গড়ার কাজে মিজোরামের মানুষের অবদানের কথা উল্লেখ করেন। তিনি বলেন, ভারতের উন্নয়নযাত্রায় মিজোরাম আজ এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে। আজকের দিনটিকে দেশ, বিশেষত মিজোরামের মানুষের কাছে এক ঐতিহাসিক দিন হিসেবে চিহ্নিত করে শ্রী মোদী বলেন, আজ থেকে আইজল ভারতীয় রেলের মানচিত্রে যুক্ত হবে। প্রাকৃতিক নানা চ্যালেঞ্জ থাকা সত্ত্বেও এই রেলপথ তৈরিতে ইঞ্জিনিয়ারদের দক্ষতা এবং শ্রমিকদের ভূমিকার প্রশংসা করেন তিনি।

তিনি বলেন, এই প্রথম মিজোরামের সাইরাং রাজধানী এক্সপ্রেসের মাধ্যমে সরাসরি দিল্লির সঙ্গে যুক্ত হবে। মিজোরামের কৃষক এবং ব্যবসায়ীরা এখন থেকে দেশের বিভিন্ন বাজারে পৌঁছতে সক্ষম হবেন। এই রেল প্রকল্পের ফলে পর্যটন, পরিবহণ এবং আতিথেয়তার ক্ষেত্রে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে বলে মন্তব্য করেন তিনি। শ্রী মোদী বলেন, ভোটব্যাঙ্কের রাজনীতির জন্য মিজোরামের মতো রাজ্য সহ গোটা উত্তর-পূর্ব ভারত ব্যাপকভাবে ক্ষতির শিকার হয়েছে। তিনি বলেন, গত ১১ বছর ধরে কেন্দ্রীয় সরকার উত্তর-পূর্বের উন্নয়নে ধারাবাহিকভাবে কাজ করে চলেছে। গ্রামাঞ্চলে রাস্তাঘাট তৈরি এবং মহাসড়ক নির্মাণ, মোবাইল এবং ইন্টারনেট সংযোগ, বিদ্যুৎ, নলবাহিত জল এবং এলপিজি সংযোগ সহ সমস্ত ক্ষেত্রে তাঁর সরকারের উদ্যোগের কথা তুলে ধরেন শ্রী মোদী। উড়ান প্রকল্পে বিমান ভ্রমণের সুবিধা পাবে মিজোরাম এবং খুব শীঘ্রই এই অঞ্চলে হেলিকপ্টার পরিষেবা চালু হবে বলে জানান প্রধানমন্ত্রী।

মিজোরামের তরুণদের প্রতিভার কথা উল্লেখ করে শ্রী মোদী বলেন, সরকারের লক্ষ্য হল, তাঁদের ক্ষমতায়ন করা। শ্রী মোদী জানান, মিজোরামে ইতিমধ্যে ১১টি একলব্য আবাসিক বিদ্যালয় গড়ে তোলা হয়েছে এবং আরও ছ’টি বিদ্যালয় তৈরির কাজ প্রক্রিয়ার মধ্যে রয়েছে। তিনি বলেন, এই অঞ্চলে এখন প্রায় ৪,৫০০টি স্টার্ট-আপ এবং ২৫টি ইনকিউবেটর কাজ করছে। ক্রীড়াক্ষেত্রেও আধুনিক পরিকাঠামো গড়ে তোলার প্রয়োজনীয়তার ওপর জোর দেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, সরকার সম্প্রতি জাতীয় ক্রীড়ানীতি ‘খেলো ইন্ডিয়া খেল নীতি’ প্রণয়ন করেছে। এই উদ্যোগ মিজোরামের তরুণদের সামনে নতুন দ্বার খুলে দেবে বলে মন্তব্য করেন শ্রী মোদী। সরকারের ‘ভোকাল ফর লোকাল’ উদ্যোগের কথা তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, এর ফলে উত্তর-পূর্বের কারিগর এবং কৃষকরা ব্যাপকভাবে উপকৃত হবেন। এ প্রসঙ্গে মিজোরামের বাঁশের সামগ্রী, জৈব রসুন, হলুদ এবং কলার কথা উল্লেখ করেন তিনি।

প্রধানমন্ত্রীর ভাষণে উঠে আসে সাম্প্রতিক জিএসটি সংস্কারের প্রসঙ্গও। তিনি বলেন, বিরোধীদের আমলে ওষুধ, টেস্ট কিট এবং বিমা পলিসির ওপর প্রচুর কর ধার্য করা হয়েছিল। এর ফলে, স্বাস্থ্য পরিচর্যা ও বিমাক্ষেত্র সাধারণ মানুষের কাছে ব্যয়বহুল হয়ে ওঠে। জিএসটি-র নতুন হারের ফলে ক্যান্সারের মতো ব্যয়বহুল চিকিৎসার খরচ কমবে। ২২ সেপ্টেম্বর থেকে সিমেন্ট এবং নির্মাণ সামগ্রীর দামও কমবে বলে জানান প্রধানমন্ত্রী। তিনি বলেন, বহু সংস্থা ইতিমধ্যেই স্কুটার এবং গাড়ির দাম কমিয়ে দিয়েছে।

শ্রী মোদী জানান, ২০২৫-২৬ অর্থবর্ষের প্রথম ত্রৈমাসিকে ভারতের ৭.৮ শতাংশ আর্থিক অগ্রগতি ঘটেছে। এর অর্থ হল, ভারত এখন বিশ্বের দ্রুততম বিকাশশীল এবং আর্থিক শক্তির দেশ। অপারেশন সিঁদুরের সময় মেড-ইন-ইন্ডিয়া অস্ত্রের গুরুত্বপূর্ণ ভূমিকার কথাও তুলে ধরেন প্রধানমন্ত্রী। জাতীয় সুরক্ষার ক্ষেত্রে দেশের অর্থনীতি এবং উৎপাদন ক্ষেত্রের অগ্রগতির গুরুত্বপূর্ণ ভূমিকার কথা উল্লেখ করেন তিনি। শ্রী মোদী বলেন, প্রত্যেক নাগরিক, প্রত্যেকটি পরিবার এবং প্রতিটি অঞ্চলের কল্যাণে সরকার অঙ্গীকারবদ্ধ। নাগরিকদের ক্ষমতায়নের মাধ্যমে উন্নত ভারত গড়ে উঠবে এবং এই যাত্রায় মিজোরামের মানুষের গুরুত্বপূর্ণ ভূমিকা থাকবে বলে মন্তব্য করেন প্রধানমন্ত্রী।

অনুষ্ঠানে মিজোরামের রাজ্যপাল জেনারেল ভি কে সিং, মুখ্যমন্ত্রী শ্রী লালডুহোমা, কেন্দ্রীয় শ্রী অশ্বিনী বৈষ্ণব প্রমুখ উপস্থিত ছিলেন।

৮০৭০ কোটি টাকার বৈরবী-সাইরাং রেললাইনে মোট ৪৫টি টানেল তৈরি করা হয়েছে। এছাড়া রয়েছে ৫৫টি বড় ও ৮৮টি ছোট সেতু। প্রধানমন্ত্রী আজ সাইরাং (আইজল)-দিল্লি (আনন্দ বিহার টার্মিনাল) রাজধানী এক্সপ্রেস, সাইরাং-গুয়াহাটি এক্সপ্রেস এবং সাইরাং-কলকাতা এক্সপ্রেসের উদ্বোধন করেন।

# সিনেমার খবর

## যে কারণে আইনি বিপাকে শাহরুখ কন্যা সুহানা

স্টাফ রিপোর্টার, রোজদিন



নেটফ্লিক্সের 'দ্য আর্চিস' দিয়ে বলিউডে অভিষেকের পরপরই আইনি ঝামেলায় পড়েছেন সুহানা খান। শাহরুখ খানের কন্যা এই অভিনেত্রী সম্প্রতি ভারতের আলিবাগে একটি জমি কেনার পর জড়িয়ে পড়েছেন জমি সংক্রান্ত বিতর্কে।

ভারতীয় সংবাদমাধ্যম আনন্দবাজার জানিয়েছে, প্রায় ১৩ কোটি রুপি মূল্যের একটি জমি কিনেছেন সুহানা, যা সরকারি রেকর্ড অনুযায়ী শুধুমাত্র কৃষিজমির জন্য নির্ধারিত। অথচ সুহানা নিজেকে কৃষক পরিচয়ে নথিভুক্ত করে ওই জমি কিনেছেন, তা এখন প্রশ্নবিদ্ধ।

সুহানার দাবি, তিনি জমিটি কিনেছেন তিন বোন- অঞ্জলি, রেখা ও প্রিয়ার কাছ থেকে। তারা এই জমি পেয়েছিলেন উত্তরাধিকার সূত্রে তাদের বাবা-মায়ের কাছ থেকে।

জমি কেনার প্রক্রিয়ায় সুহানা ইতিমধ্যে ৭৮ লাখ রুপি স্ট্যাম্প ডিউটি পরিশোধও করেছেন। তবে মূল প্রশ্ন উঠেছেএই জমি কিনতে হলে কৃষক হতে হয়, আর সুহানাকে কৃষক দেখানো হলেও তার প্রকৃত পরিচয় নিয়ে শুরু হয়েছে জটিলতা।

জমির প্রকৃত মালিকানা, ক্রেতার পরিচয় ও জমির ব্যবহারের উদ্দেশ্য সব কিছু নিয়েই শুরু হয়েছে আনুষ্ঠানিক তদন্ত। স্থানীয় প্রশাসন জানিয়েছে, খুব শিগগিরই তদন্তের রিপোর্ট জমা দেওয়া হবে।

সুহানা বর্তমানে শাহরুখ খানের সঙ্গে নতুন বলিউড সিনেমা 'কিং'-এর শুটিংয়ে ব্যস্ত রয়েছেন। তবে জমি বিতর্ক নিয়ে এখনও পর্যন্ত সুহানা বা শাহরুখ পরিবারের পক্ষ থেকে কোনো আনুষ্ঠানিক প্রতিক্রিয়া জানানো হয়নি।

## অতিরিক্ত কাজ জীবনের রং কেড়ে নেয়: এ আর রহমান

স্টাফ রিপোর্টার, রোজদিন



দীর্ঘ দুই দশকের বেশি সময় ধরে নিরলস পরিশ্রমের পর এবার নিজের জীবনের গতি কমানোর সিদ্ধান্ত নিয়েছেন অস্কারজয়ী সংগীতশিল্পী এ আর রহমান। সম্প্রতি এক সাক্ষাৎকারে তিনি জানান, পরিবার, ব্যক্তিগত জীবন এবং আত্মিক শান্তির জন্য তিনি এখন কাজকে কিছুটা পেছনে ফেলেছেন।

একটি সাক্ষাৎকারে তিনি বলেন, "আগে আমি যেন এক উন্মাদ ছিলাম, দিন-রাত কাজ করতাম। অতিরিক্ত কাজ করলে জীবনের আসল স্বাদ মিস হয়ে যায়।" জীবনের এই উপলব্ধি তাঁর কাজের প্রতি দৃষ্টিভঙ্গি বদলে দিয়েছে। এখন তিনি নিজেকে স্রোতের সঙ্গে প্রবাহিত হতে দেন এবং বিশ্বাস করেন, কাজ তার নিজের ছন্দে, নিজের নিয়মেই আসবে।

এই সময়টিতে রহমান নতুন কিছু শিখছেন, বিভিন্ন জিনিস অনুভব করছেন এবং পরিবারের সঙ্গে মূল্যবান সময় কাটাচ্ছেন। তাঁর এই পরিবর্তন শুধু পেশাগত নয়, বরং জীবনের প্রতি তাঁর সামগ্রিক দৃষ্টিভঙ্গির এক বড় রূপান্তর।

সম্প্রতি এ আর রহমানের ব্যক্তিগত জীবনও খবরের শিরোনামে এসেছে। তাঁর বিবাহবিচ্ছেদ নিয়ে নানা গুঞ্জন চলছে, যদিও তিনি নিজে এ বিষয়ে কিছু বলেননি। তবে সাক্ষাৎকারে তিনি যে ভাবে পরিবার এবং ব্যক্তিগত সম্পর্ককে অগ্রাধিকার দেওয়ার কথা বলেছেন, তাতে স্পষ্ট যে জীবনের এই পর্যায়ে এসে তিনি সম্পর্কের গভীরতাকে সবচেয়ে বেশি গুরুত্ব দিচ্ছেন।

১৯৯৫ সালে সায়রা বানুকে বিয়ে করেন রহমান। প্রায় তিন দশকের এই দাম্পত্য জীবনে তাঁদের তিন সন্তান রয়েছে- খাতিজা, রহিমা এবং এ আর আমিন।

## মায়ের পদাঙ্কে জাহ্নবী, আসছে 'চালবাজ' সিনেমার রিমেক



স্টাফ রিপোর্টার, রোজদিন

বলিউডের কালজয়ী সিনেমা 'চালবাজ' এবার নতুন করে তৈরি হচ্ছে। ১৯৮৯ সালে মুক্তিপ্রাপ্ত এই ছবিতে দ্বৈত চরিত্রে অভিনয় করে দর্শকদের মন জয় করেছিলেন প্রয়াত নায়িকা শ্রীদেবী। সেই ছবির রিমেকে এবার অভিনয়ের প্রস্তাব পেয়েছেন তার মেয়ে জাহ্নবী কাপুর।

ছবির পরিচালক ও প্রযোজকেরা ইতিমধ্যে জাহ্নবীর সঙ্গে প্রাথমিক আলোচনা করেছেন বলে জানা গেছে। তবে তিনি এখনও চূড়ান্ত সিদ্ধান্ত জানাননি। বলিউড সূত্র বলছে, চলতি মাস সেপ্টেম্বরের মধ্যেই বিষয়টি পরিষ্কার হবে।

'চালবাজ' সিনেমায় শ্রীদেবীর অভিনীত দুই বোনের চরিত্র ছিল অত্যন্ত জনপ্রিয়। ছবিটি আজও ভক্তদের কাছে সমানভাবে স্মরণীয়। তাই রিমেক ভার্সনে জাহ্নবীর অংশগ্রহণকে বলিউডে এক বিশেষ উত্তরাধিকারী মুহূর্ত হিসেবে বিবেচনা করা হচ্ছে।

এদিকে, শ্রীদেবীর ছোট মেয়ে খুশি কাপুর তার বাবার প্রযোজনায় নির্মিত হচ্ছে 'মম' সিনেমার সিক্যুয়েলে অভিনয় করবেন। ফলে বলিউডে কাপুর পরিবারের নতুন অধ্যায় শুরু হতে যাচ্ছে বলেই মনে করছেন চলচ্চিত্রবোদ্ধারা।

# বিসিসিআইয়ের সভাপতি হওয়ার দৌড়ে হরভজান

স্টাফ রিপোর্টার, রোজদিন



ভারতীয় ক্রিকেট বোর্ডের (বিসিসিআই) সভাপতি হিসাবে দেখা যেতে পারে হরভাজন সিংকে। বোর্ডের বার্ষিক সাধারণ সভায় পাঞ্জাব ক্রিকেট সংস্থার প্রতিনিধি হিসাবে যোগ দেবেন তিনি। পাশে পাবেন সৌরভ গাঙ্গুলীকেও, যিনি বাংলার প্রতিনিধি হিসাবে বৈঠকে থাকবেন। সেই সভায় বোর্ডের পাঁচ গুরুত্বপূর্ণ পদে নির্বাচন হবে।

ওই দিন বোর্ডের অ্যাপেক্স কাউন্সিল এবং আইপিএলের গভর্নিং কাউন্সিলের নির্বাচন রয়েছে। সভাপতি, সহ-সভাপতি, সচিব, যুগ্ম-সচিব এবং কোষাধ্যক্ষ পদে নির্বাচন হবে। অ্যাপেক্স কাউন্সিলে জেনারেল বডির একজন এবং আইপিএলের গভর্নিং কাউন্সিলে জেনারেল বডির দু'জনকে নেওয়া হবে।

হরভাজন রাজ্যসভার সাংসদ। আগেই পাঞ্জাব ক্রিকেট সংস্থার পরামর্শদাতা হিসাবে নির্বাচিত হয়েছেন। এই প্রথম রাজ্য সংস্থার প্রতিনিধিত্ব করবেন। বোর্ডের কোনও একটি পদে তিনি নির্বাচিত হলেও হতে পারেন। ফলে বোর্ডকর্তা হিসাবে তাকে দেখার সম্ভাবনা রয়েছে।

এটা দেখার যে বোর্ড সভাপতি পদে আবার কোনও প্রাক্তন ক্রিকেটারকে দেখা যায় কি না। সৌরভের পর এই দায়িত্ব সামলেছিলেন রজার বিন্নী।

'ইন্ডিয়ান এক্সপ্রেস'-এর খবর অনুযায়ী, বোর্ডের তরফে অনেক প্রাক্তন ক্রিকেটারের সঙ্গেই যোগাযোগ করা হয়েছে। কেউ রাজি হননি। বোর্ডের আনুষ্ঠানিক নির্বাচন অনেক দিনই হয় না। সদস্যেরা নিজেদের মধ্যে কথা বলেই পদাধিকারীদের বেছে নেন।

# ম্যানচেস্টার সিটিতে যোগ দিলেন দোন্নারুম্মা



স্টাফ রিপোর্টার, রোজদিন

ম্যানচেস্টার সিটি এবার দলবদলের বাজারে চমক দেখালো। তারা পিএসজি থেকে ইতালীয় গোলকিপার জিয়ানলুইজি দোন্নারুম্মাকে দলে ভিড়িয়েছে। অন্যদিকে, আট বছর পর ক্লাব ছাড়লেন তাদের দীর্ঘদিনের গোলকিপার এদেরসন, তিনি যোগ দিয়েছেন তুর্কি ক্লাব ফেনারবাচে।

জানা গেছে, দোন্নারুম্মাকে দলে নিতে ম্যানচেস্টার সিটিকে প্রায় ২৬ মিলিয়ন পাউন্ড খরচ করতে হয়েছে। ২৬ বছর বয়সী এই গোলকিপার পাঁচ বছরের চুক্তিতে সিটিতে যোগ দিয়েছেন। পিএসজিতে নতুন গোলকিপার আসায় দোন্নারুম্মা সেখানে নিয়মিত খেলার সুযোগ হারাচ্ছিলেন। এই সুযোগ কাজে লাগিয়ে সিটি তাকে দলে নিতে দ্রুত পদক্ষেপ নেয়। এর আগে এসি মিলানে খেলার সময় থেকেই তিনি বিশ্বমানের গোলকিপার হিসেবে পরিচিতি পান। ইতালির হয়ে তিনি ২০20 সালের ইউরো জয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছিলেন। সব মিলিয়ে, ক্লাব ফুটবলে তার ৪১২টি ম্যাচ খেলার অভিজ্ঞতা রয়েছে। এই গ্রীষ্মে দোন্নারুম্মা সিটির সপ্তম নতুন খেলোয়াড়।

অপরদিকে, সিটির হয়ে দীর্ঘ আট বছরের বর্ণাঢ্য অধ্যায়ের ইতি টানলেন এদেরসন। তার বিদায়ে সিটিজেন ভক্তদের মধ্যে কিছুটা শূন্যতা তৈরি হয়েছে। এই সময়ে তিনি ক্লাবকে ছয়টি প্রিমিয়ার লিগ শিরোপা এবং একটি চ্যাম্পিয়ন্স লিগ জেতাতে সহায়তা করেছেন। ৩২ বছর বয়সী এই গোলকিপারকে ১২.১ মিলিয়ন পাউন্ডে দলে নিয়েছে ফেনারবাচে। ২০১৭ সালে বেনফিকা থেকে ৩৫ মিলিয়ন পাউন্ডের বিনিময়ে তিনি সিটিতে যোগ দিয়েছিলেন। সিটির হয়ে সব প্রতিযোগিতা মিলিয়ে তিনি মোট ৩৭২টি ম্যাচ খেলেছেন।

# ওয়ানডে র‍্যাঙ্কিংয়ের সিংহাসনে রাজা

স্টাফ রিপোর্টার, রোজদিন



একদিনের আন্তর্জাতিক ক্রিকেটে অলরাউন্ডারদের তালিকায় এখন শীর্ষে জিম্বাবুয়ের সিকান্দার রাজা। শ্রীলঙ্কার বিপক্ষে দুর্দান্ত পারফরম্যান্সের সুবাদে আইসিসির সর্বশেষ ওয়ানডে অলরাউন্ডার র‍্যাংকিংয়ে দুই ধাপ এগিয়ে তিনি এখন এক নম্বর।

শ্রীলঙ্কার বিপক্ষে সদ্য শেষ হওয়া দুই ম্যাচের ওয়ানডে সিরিজে রাজা ব্যাট হাতে করেন দুটি হাফ-সেঞ্চুরি। পাশাপাশি বল হাতেও ছিলেন কার্যকর। প্রথম ম্যাচে ১০ ওভারে মাত্র ৪৮ রান দিয়ে নেন একটি উইকেট। এই ধারাবাহিক পারফরম্যান্সের ফলেই তার রেটিং পয়েন্ট বেড়ে দাঁড়ায় ৩০২, যা তাকে পৌঁছে দেয় শীর্ষে।

এই সাফল্যে তিনি পেছনে ফেলেছেন আফগানিস্তানের আজমতউল্লাহ ওমরজাই (২৯৬) এবং মোহাম্মদ নবি (২৯২)-কে। বাংলাদেশ দলের অন্যতম ভরসা মেহেদী হাসান মিরাজ রয়েছেন চতুর্থ স্থানে, যার রেটিং পয়েন্ট ২৪৯।

শুধু অলরাউন্ডার তালিকায় নয়, ব্যাটিংয়েও উন্নতি করেছেন সিকান্দার রাজা। ওয়ানডে ব্যাটিং র‍্যাংকিংয়ে তিনি ৯ ধাপ এগিয়ে উঠে এসেছেন ২২তম স্থানে।

এদিকে, সিরিজ জয়ে বড় ভূমিকা রাখা শ্রীলঙ্কার পাথুম নিসাঙ্কা ব্যাটিং র‍্যাংকিংয়ে ৭ ধাপ এগিয়ে হয়েছেন ১৩ নম্বর। তার সতীর্থ জানিথ লিয়ানাগে ১৩ ধাপ লাফিয়ে এখন ২৯তম। শ্রীলঙ্কার দুই পেসার আসিথা ফার্নান্দো ও দিলশান মাদুশাঙ্কাও তাদের অবস্থান উন্নত করেছেন। ফার্নান্দো এখন ৩১তম, মাদুশাঙ্কা ৫২তম স্থানে।

বোলিং র‍্যাংকিংয়ে দক্ষিণ আফ্রিকার স্পিনার কেশব মহারাজ নিজের শীর্ষস্থান আরও মজবুত করেছেন। ইংল্যান্ডের বিপক্ষে চার উইকেট শিকারের পর তার রেটিং পয়েন্ট বেড়ে দাঁড়িয়েছে ৬৯০। তার সতীর্থ লুঙ্গি এনগিডি ৫ ধাপ এগিয়ে এখন ২৩তম স্থানে, আর ইংল্যান্ডের জফরা আর্চার ১৯তম স্থানে উঠেছেন।

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR